



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).১৬০৭

তারিখ: ০৫/১২/২০২৩ খ্রি.

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অবসর ও কল্যাণ ট্রাস্টের সংগৃহীত অর্থ ব্যাংক হিসাবে জমা রাখা সংক্রান্ত।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).৩২৬; তারিখ: ০৮ ডিসেম্বর ২০২২


২। মাউশি'র স্মারক নং -৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১).৩২০১; তারিখ: ১৯/১২/২০২২ খ্রি.

৩। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).২২০; তারিখ: ২৩ অক্টোবর ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত (১) ও (৩) নং স্মারকে বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তর) শিক্ষার্থী ভর্তি নীতিমালা'র উপানুচ্ছেদ ১০.৬ এ অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিলের জন্য ভর্তিকালীন সময়ে শিক্ষার্থী প্রতি ১০০/- টাকা গ্রহণ করে সংশ্লিষ্ট হিসাব খাতে জমা দিতে হবে। ৭০/- টাকা অবসর এবং ৩০/- টাকা কল্যাণ তহবিলের সংশ্লিষ্ট হিসাব খাতে জমা প্রদান করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। তৎপ্রেক্ষিতে ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তিকালীন সূত্রোক্ত (২) স্মারক পত্রে ১০০/- টাকা গ্রহণ করে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্ব স্ব প্রতিষ্ঠানের তহবিলে/ব্যাংক হিসাবে জমা রাখার নির্দেশনা প্রদান করা হয়েছিল। ২০২৪ শিক্ষাবর্ষেও শিক্ষার্থী ভর্তি নীতিমালা অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, শিক্ষার্থী ভর্তি নীতিমালা'র উপানুচ্ছেদ ১০.৬ এ উল্লিখিত নির্দেশনা মোতাবেক অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিলের জন্য নতুন ভর্তিকৃত শিক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা হারে সংগৃহীত অর্থ প্রতিষ্ঠান প্রধানগণ একটি নতুন ব্যাংক হিসাব খুলে তাতে জমা রাখবেন এবং জমাকৃত অর্থের রশিদসহ রেজিস্ট্রারে সংরক্ষণ করবেন।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।


05/12/2023

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)

৪১০৫০১১৮

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (শ্রেষ্ঠতর ক্রমানুসারে নয়)-

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক- ২)]

২। জেলা প্রশাসক (সকল);

৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);

৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল) [পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;

[পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৬। জেলা শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল);

৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;

১০। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;

১১। সংরক্ষণ নথি।